



ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
খুলনা-৯২০৩

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/১৭৪৯

তারিখ ১৯/০৫/২০২২ইং।

**ভর্তি বিজ্ঞপ্তি**

**(পি-এইচ.ডি/মাস্টার্স/পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম)**

ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট (আইডিএম) এ ২০২২ শিক্ষাবর্ষের জুলাই সেমিস্টারে পি-এইচ.ডি/মাস্টার্স/পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রামে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রামসমূহে আবেদনের জন্য প্রার্থীর যোগ্যতাঃ

- (ক) পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর অবশ্যই কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে এম.ফিল/এম.এস-সি. ইঞ্জি./এম.ইঞ্জি./এম.এস-সি/মাস্টার্স ডিগ্রী বা এর সমতুল্য ডিগ্রীতে সন্তোষজনক ফলাফল থাকতে হবে।
- (খ) এম.এস-সি. ইঞ্জি. (ডিএম)/ পিজিডি (ডিএমই) প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর অবশ্যই কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সমতুল্য ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এস.এস-সি. ও এইচ.এস-সি. তে GPA 3.50 (Out of 5.00) থাকতে হবে।
- (গ) এম.এস-সি (ডিএম)/ পিজিডি (ডিএমএস) প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর অবশ্যই কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে ৪ বছরের বি.এস-সি (অনার্স)/ ৩ বছরের বি.এস-সি (অনার্স) সহ এম.এস-সি/বিইউআরপি/আর্কিটেকচার ডিগ্রী বা এর সমতুল্য ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এস.এস.সি. ও এইচ.এস-সি. তে GPA 3.50 (Out of 5.00) থাকতে হবে।
- (ঙ) এম. (ডিএম)/ পিজিডি (ডিএম) প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সামাজিক বিজ্ঞান, অর্থনীতি, শিক্ষা, ব্যবস্থাপনা, বিবিএ বিষয়ে ৪ বছরের ব্যাচেলর অব অনার্স/৩ বছরের ব্যাচেলর অব অনার্সসহ মাস্টার্স ডিগ্রী বা এর সমতুল্য ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এস.এস-সি.ও এইচ.এস-সি. তে GPA 3.50 (Out of 5.00) থাকতে হবে।

২। ভর্তি সংক্রান্ত সময় সূচীঃ

ক)	আবেদন ফরম অনলাইনে Submission শুরু	২০/০৫/২০২২ইং
	আবেদন ফরম অনলাইনে Submission শেষ	০৪/০৬/২০২২ইং (বিকাল ৫.০০ টা)
খ)	যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	০৪/০৬/২০২২ইং
গ)	ভর্তির পরীক্ষার তারিখ ও সময়	০৯/০৬/২০২২ইং
ঘ)	ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ	১৬/০৬/২০২২ইং

৩। ক) ভর্তি সংক্রান্ত সকল তথ্যবলী ওয়েবসাইট [admission.kuet.ac.bd/pgidm](http://admission.kuet.ac.bd/pgidm) এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত User Guideline অনুসারে আবেদন করতে হবে।

খ) অনলাইনের মাধ্যমে আবেদন ফি বাবদ ৫০০/- টাকা পরিশোধ করতে হবে। আবেদনের সময় নিম্নবর্ণিত কাগজপত্র সমূহ Single PDF File অথবা ১টি Zip File আকারে Upload করতে হবে।

(i) শিক্ষাগত যোগ্যতার সকল মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/শ্রেণীট এর Scan কপি।

(ii) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/প্রভিশনাল সার্টিফিকেট এর Scan কপি।

\*\* উপরোক্ত কাগজপত্রসমূহ Single PDF File /Zip File আকারে ০৪/০৬/২০২২ইং তারিখের মধ্যে Upload করতে ব্যর্থ হলে আবেদনপত্র অসম্পূর্ণ বলে গণ্য হবে।

৪। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫। ভর্তির পর শুধুমাত্র পূর্ণকালীন ছাত্র/ছাত্রীগণ নিয়মানুযায়ী ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ (Fellowship/Teaching Assistantship) এর জন্য আবেদন করতে পারবে। সেক্ষেত্রে প্রার্থীকে পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর কার্যালয় থেকে টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ ফরম সংগ্রহ করতে হবে।

৬। ভর্তি সম্পর্কিত সকল তথ্যের জন্য পি-এইচ.ডি/মাস্টার্স প্রোগ্রামের ক্ষেত্রে জনাব স্বর্ণা বিনতে কাদির, কোর্স কো-ওর্ডিনেটর ([swarna@idm.kuet.ac.bd](mailto:swarna@idm.kuet.ac.bd);) এবং পিজিডি প্রোগ্রামের ক্ষেত্রে জনাব মোঃ হাসিবুল হাসান, কোর্স কো-ওর্ডিনেটর ([hasibce08@idm.kuet.ac.bd](mailto:hasibce08@idm.kuet.ac.bd); +8801757650043) এর সাথে অফিস চলাকালীন (সকাল ৯-০০ থেকে বিকাল ৫-০০ টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে।

স্বাক্ষরিত/-

১৯/০৫/২০২২

(প্রফেসর ড. কাজী আবু বকর মোহাম্মদ মহিউদ্দিন)

পরিচালক

ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়